

এসএসসি পরীক্ষায় ধর্মবিষয়ক প্রশ্নপত্রে ক্রমিক নম্বরে ভুল

মোঃ আব্দুল সামাদ ॥ ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় গত মঙ্গলবার ধর্ম বিষয়ক পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় ইসলাম শিক্ষা (নৈর্ব্যক্তিক) প্রশ্নপত্রে মারাত্মক ভুল হয়েছে। পরীক্ষার্থীগণ এ বিষয়ে চরম উৎকর্ষার মধ্যে পড়েছে। প্রশ্নপত্রে ২৬ নং ক্রমিক নম্বর ছাপা হয়নি। অপরদিকে প্রশ্নপত্রে ২৩ নং ক্রমিক নম্বর দু'দুবার ছাপা হয়েছে। মঙ্গলবার 'ঘ' সেট প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রশ্নপত্রের কোড নং- ১১১।

এ ভুলের কারণে পরীক্ষার্থীরা উত্তরপত্রের কোড নং-এর বৃত্ত ভরাটে বিভ্রান্তিতে পড়ে। প্রশ্নপত্রের এ ভুলের কারণে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যেও চরম উৎকর্ষা বিরাজ করেছে। মঙ্গলবার গাজীপুর সদর উপজেলার ডাওয়াল মির্জাপুর হাজী জমির উদ্দিন উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্র পর্যবেক্ষণে গেলে প্রশ্নপত্রের এ ভুলের তথ্য ও প্রমাণ পাওয়া যায়।

এই কেন্দ্রের কেন্দ্র সচিব সত্যনাথ পাল প্রশ্নপত্রের ক্রমিক নম্বরটি গাণিতিক নিয়মতান্ত্রিকভাবেই সংশোধন করিয়ে দেন। অর্থাৎ ক্রমিক নম্বর ২৩-এরপর গাণিতিক নিয়মে ২৪, ২৫ ও ২৬ হয়। এই নিয়মে তিনি প্রশ্নপত্রের ২৬ নম্বর ক্রমিকটি ঠিক করে দেন। পরবর্তীতে ঐ কেন্দ্রের পরীক্ষার্থীগণ স্বস্তির সাথে পরীক্ষা দেয়। শিক্ষা বোর্ডের উদাসীনতার কারণেই প্রশ্নপত্রের এ ভুল হয়েছে বলে শিক্ষক ও অভিভাবকগণ অভিযুক্ত ব্যক্ত করেছেন। প্রশ্নপত্রের এ ভুলের কারণে সারাদেশের পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম উৎকর্ষা ও হতাশা বিরাজ করেছে। তারা এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।